

🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৮২

১/ বিবিধ

আরবী

لا حسد ولا ملق إلا في طلب العلم موضوع

رواه ابن عدي (365 / 1) والخطيب (13 / 275) وفي العاشر من "الجامع" (20 / 2 من المنتقى منه) من طريق عمرو بن الحصين الكلابي، عن ابن علاثة، عن الأوزاعي، عن الزهري، عن أبي سلمة، عن أبي هريرة مرفوعا وقال ابن عدي: هذا منكر لا أعلم يرويه عن الأوزاعي غير ابن علاثة وأورده ابن الجوزي في " الموضوعات " (1 / 219) من رواية ابن عدي ثم قال ابن علاثة محمد بن عبد الله بن علاثة لا يحتج به، قال ابن حبان: يروي الموضوعات عن الثقات

وتعقبه السيوطي في " اللآليء " (197 / 198) بما خلاصته أن ابن علاثة وثقه ابن معين وغيره، وأن آفة الحديث من عمرو بن الحصين فإنه كذاب كما قال الخطيب قلت: وهذا تعقب شكلي لا يعود على هذا الحديث بالتقوية ما دام أنه لم ينج من هذا الكذاب، لكن السيوطي ذكر له شاهدا لم يتكلم على إسناده وفيه من لا يعرف، وهو: (الأتي)

বাংলা

৩৮২। জ্ঞান অনুসন্ধান করার মধ্য ছাড়া হিংসা এবং তোষামোদী থাকতে পারে না।



হাদীসটি জাল।

এটি ইবনু আদী (১/৩৬৫), আল-খাতীব (১৩/২৭৫) আমর ইবনুল হুসাইন কিলাবী সূত্রে ইবনু আলাসা হতে ... বর্ণনা করেছেন। অতঃপর ইবনু আদী বলেছেনঃ এটি মুনকার, আওযাঈ থেকে ইবনু আলাসা ছাড়া অন্য কেউ এটি বর্ণনা করেছেন বলে জানি না। ইবনুল জাওয়ী তার "আল-মাওযু"আত" গ্রন্থে (১/২১৯) ইবনু আদীর বর্ণনা হতে উল্লেখ করে বলেছেনঃ ইবনু আলাসা হচ্ছেন মুহাম্মাদ ইবনু আবদিল্লাহ ইবনে আলাসা। তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনাকারী। সুয়ূতী "আল-লাআলী" গ্রন্থে (১/১৯৭-১৯৮) তার সমালোচনা করে বলেছেনঃ ইবনু আলাসাকে ইবনু মাঈন ও অন্যরা নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন।

এ হাদীসের সমস্যা হচ্ছে আমর ইবনুল হুসাইন। কারণ তিনি হচ্ছেন মিথ্যুক, যেমনভাবে খাতীব বাগদাদী বলেছেন। যখন মিথ্যুক হতে সনদটি খালী নয়, তখন এ সমালোচনার কোন উপকারিতা নেই। সুয়ূতী হাদীসটির একটি শাহেদ উল্লেখ করেছেন। যার সনদের উপর কথা বলেননি। অথচ তাতে এমন ব্যক্তি রয়েছেন যাকে চেনা যায় না। (সেটি হচ্ছে নিম্নের (৩৮৩ নং) হাদীসটি)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন